

বাংলা
ছোটগল্প
বিষয় ও নির্মাণ



বঙ্গীয় সাহিত্য সংসদ

E-mail : bangiyasahityasamsad@gmail.com
Website : www.bangiyasahityasamsad.com



9 789388 968858

বাংলা ছোটগল্প : বিষয় ও নির্মাণ • সম্পাদনা : মহাদেব মণ্ডল গোবিন্দ বর্মন



বাংলা
ছোটগল্প
বিষয় ও নির্মাণ

সম্পাদনা

মহাদেব মণ্ডল
গোবিন্দ বর্মন

BANGLA CHOTOGALPA : BISAY O NIRMAN

A Research Studies on Bengali Short Stories, Edited by Mahadeb Mandal and Gobindra Barman, Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samsad, 6/2 Ramanath Majumder Street, Kolkata-700009, February : 2021 Rs. 350.00

© লেখক

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া কোনো উপায়েই এই গ্রন্থের কোনো অংশের কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রথম প্রকাশ

ফেব্রুয়ারী, ২০২১

প্রকাশক

দেবাশিস ভট্টাচার্য

বঙ্গীয় সাহিত্য সংসদ

৬/২, রমানাথ মজুমদার স্ট্রিট

কলকাতা : ৭০০ ০০৯

প্রচ্ছদ

অতনু গাঙ্গুলী

বর্ণ সংস্থাপন

প্রিন্টম্যান

ইছাপুর

মুদ্রক

স্টার লাইন

কলকাতা : ৭০০ ০০৬

ISBN 978-93-88988-85-8

মূল্য : তিনশো পঞ্চাশ টাকা

ডঃ জন্মেশ্বরী বিশ্বাস

প্রয়াত অধ্যাপক সুবোধ কুমার যশ
মহাশয়কে

সূচিপত্র

বাংলা ছোটগল্পে মহাভারত : প্রতীকে ও ব্যঞ্জনায়	১৩	দীপঙ্কর সরকার
ফয়েডীয় তত্ত্ব : জগদীশ গুপ্ত ও মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প (নির্বাচিত)	২১	জয় দাস
বার্থেজের পাঁচ কোড ও অভিজিৎ সেনের গল্প	৪৭	অমরচন্দ্র কর্মকার
বাংলা ছোটগল্পে (নির্বাচিত) পরিবেশ প্রসঙ্গ	৫৪	মহাদেব মণ্ডল
বাংলা ছোটগল্পে (নির্বাচিত) মনুষ্যতর প্রাণী : মিলনে ও বিচ্ছেদে	৬৪	সুমন দাস
তারাক্ষরের ছোটগল্পে নিয়তির ভূমিকায় বৃত্তি ও প্রবৃত্তি	৭৬	গোবিন্দ রাজবংশী
ননী ভৌমিকের ছোটগল্প : সর্বহারা শ্রেণির জীবনালেখ্য	৮৩	দিলীপ হাজারা
প্রফুল্ল রায়ের ছোটগল্পে দেশভাগের প্রেক্ষাপটে মানুষের দুঃসহ অবস্থা	৯২	জয়শ্রী বিশ্বাস
নবনীতা দেবসেনের ছোটগল্পে রামায়ণের প্রসঙ্গ ও অনুসঙ্গ	৯৭	তালু বেসরা
নবনীতা দেবসেনের ছোটগল্পে সাধারণ মানুষের জীবনালেখ্য	১১৪	চৈতালী দাস
নকশাল আন্দোলনের প্রেক্ষাপট : শৈবাল মিত্রের ছোটগল্প	১১৮	প্রসেনজিৎ রায়
শ্রমিক মজুরের জীবন-সংগ্রাম : সাধন চট্টোপাধ্যায়ের ছোটগল্প	১২৫	গোবিন্দ বর্মন
অভিজিৎ সেনের ছোটগল্পে নারী চরিত্রের বিভিন্ন দিক	১৩৩	প্রিয়া দে
স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্প : তত্ত্ব পলিটিক্সের ভাঙা স্বপ্ন	১৩৯	বিনয় বর্মন
স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্পে-নিম্নবর্গ ভাবনা	১৪৫	রেজাউল ইসলাম
প্রচেত গুপ্তের ছোটগল্প (নির্বাচিত) : রবীন্দ্র প্রসঙ্গ	১৫৩	রজনী বর্মন
পেশা-সংকটের ক্রান্তিকাল ও অসহায় কৃষক সমাজ : প্রেক্ষিত সৈকত রক্ষিতের ছোটগল্প	১৬২	অনিমেষ ব্যানার্জী
ব্যঙ্গ-কৌতুকের আড়ালে ত্রৈলোক্যনাথের সমাজ-ভাবনা : 'বাঙ্গাল নিধিরাম'	১৬৯	মৃগাল কান্তি রায়
ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের 'ললিত ও লাবণ্য' : একটি বিশ্লেষণী অধ্যয়ন	১৭৯	পরিতোষ রায়
স্বর্ণকুমারী দেবীর 'কেন?' একটি বিশ্লেষণী পাঠ	১৯১	মৃত্যুঞ্জয় রায় সরকার
রবীন্দ্রনাথের 'হৈমন্তী' : নারীবাদী পাঠ প্রতিক্রিয়া	১৯৮	সোমা সরকার
রবীন্দ্রনাথের 'স্ট্রীর পত্র' : একালের চোখে	২০৯	নাডুগোপাল দে
প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'কুড়ানো মেয়ে' : সমাজ জীবনের খণ্ডচিত্র	২১৯	পাপিয়া দেবনাথ
শরৎচন্দ্রের 'মহেশ' : বাস্তব জীবনের আলেখ্য	২২৯	স্বরূপ দে

প্রফুল্ল রায়ের ছোটগল্পে দেশভাগের প্রেক্ষাপটে

মানুষের দুঃসহ অবস্থা

জয়শ্রী বিশ্বাস

স্বাধীনতা-উত্তর বাংলা সাহিত্যে যে বৈচিত্র্যময় রূপান্তর দেখা তার পটভূমি রচিত হয় বিগত শতাব্দীর চল্লিশ-পঞ্চাশের দশকে। বহির্বিশ্বের সংঘাতময় রাজনৈতিক পরিস্থিতি এবং ঔপনিবেশিক ভারতের অভ্যন্তরীণ রাজনৈতিক সংঘাতে এই দশকেই বাংলা ও বাঙালির জীবনে আমূল পরিবর্তন সূচিত হয়। এই দশকের রাজনৈতিক ঘটনাগুলি যেমন দ্বিতীয় বিশ্বযুদ্ধ (১৯৩৯-১৯৪৫), মুসলীম লীগের লাহোর প্রস্তাব (১৯৪০), নেতাজির অসুস্থতান (১৯৪১), ভারত ছাড়ো আন্দোলন (১৯৪১), গান্ধীজীর কারাবরণ (১৯৪১), কলকাতা, সহ উত্তর-পূর্ব ভারতে জাপানী আক্রমণের ত্রাস (১৯৪২-৪৩), নিম্নবঙ্গে প্রাকৃতির দুর্যোগ এবং মন্বন্তর (১৯৪৩), গণ আন্দোলন এবং কমিউনিস্ট পার্টির ভূমিকা (১৯৪৩-৪৮), সাম্প্রায়িক দাঙ্গা (১৯৪৬), দেশভাগ ও স্বাধীনতা (১৯৪৭), উদ্বাস্তু সমস্যা (১৯৪৭-৫০) ইত্যাদি বাঙালির আর্থিক ও সামাজিক জীবনের মৌল রূপান্তর ঘটায়।

চল্লিশের দশকের উপরিউক্ত রাজনৈতিক বিপর্যয়ের মধ্যে দিয়ে ভারতবর্ষ স্বাধীন হয়। আর এই রাজনৈতিক ঘূর্ণাবর্তের মধ্যে দিয়ে বাংলার জনবন্টন ও আর্থ-সামাজিক জীবনের কিছু মৌল পরিবর্তন সাধিত হয়। যা বাঙালির সামাজিক, আর্থিক ও সাংস্কৃতিক জীবনধারাকে বিচিত্র খাতে বাহিত করে।

দেশভাগ ও স্বাধীনতার হাত ধরে পশ্চিমবঙ্গে সবচেয়ে বড় সমস্যা হয়ে ওঠে উদ্বাস্তু সমস্যা। লক্ষ লক্ষ ভিটেমাটি হারা উদ্বাস্তু মানুষের চাপে পশ্চিমবঙ্গসহ সারা দেশে এক ভয়াবহ অবস্থা সৃষ্টি হয়। দেশভাগ ও দাঙ্গার ফলে ১৯৪৭ খ্রি: বিপুল সংখ্যক মধ্যবিত্ত ও নিম্নবিত্ত হিন্দু পরিবার তাদের মানসন্ত্রম বাঁচাতে পূর্ব-পাকিস্তান ত্যাগ করে ত্রিপুরা, অসম, পশ্চিমবঙ্গে আশ্রয় নেয়। রাতারাতি ভিটেমাটি ছেড়ে আসা মানুষগুলি অর্থাৎ এইসব উপেক্ষিত এবং অনাঙ্কত মানুষ বিভিন্ন ক্যাম্পে, কলোনিতে, মহানগরিতে ফুটপাতে অথবা মনুষ্য বসতিহীন জঙ্গলময় জায়গায় আশ্রয় খোঁজে। এইসব উদ্বাস্তু মানুষের জন্য সরকারি সাহায্য ছিল শুধু হিসেবের খাতায়, প্রকৃতপক্ষে উদ্বাস্তু পূর্ববাসিন ব্যবস্থা ছিল প্রয়োজনের তুলনায় অতি সামান্য।

এইরকম উত্তাল সামাজিক অবস্থায় সমকালীন কথাসাহিত্যিকরা প্রায় নীরব থেকেছেন। আর যারা এই সময়ের মধ্য দিয়ে বাল্য কৈশোর অতিবাহিত করেছেন, তাদের মধ্যে থেকেই যাঁরা পরবর্তীকালে কথাসাহিত্যে আবির্ভূত হয়েছেন, তাঁরা তাদের বাল্য কৈশোরকালের এইসব অভিজ্ঞতাকে মূলধন করেই বাংলা সাহিত্যকে বৈচিত্র্যময় করে